# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫০০

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ইবনু সাইয়্যাদ-এর ঘটনা

الفصل الاول ( بَاب قصَّة ابْن الصياد)

## আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ قَالَ: رَأَيْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَحْلِفُ بِاللَّهِ أَنَّ ابْنَ الصَّيَّادِ الدَّجَّالُ. قُلْتُ: تَحْلِفُ بِاللَّهِ؟ قَالَ: إِنِّي سَمِعْتُ عُمَرَ يَحْلِفُ عَلَى ذَلِكَ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يُنْكِرْهُ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. مُتَّفَقٌ عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (7355) و مسلم (94 / 2929)، (7353) ۔
(مُتَّفق عَلَيْهِ)

## বাংলা

৫৫০০-[৭] মুহাম্মাদ ইবনুল মুনকাদির (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জাবির ইবনু ’আবদুল্লাহ (রাঃ)-কে দেখেছি, তিনি আল্লাহর শপথ করে বলতেন যে, ইবনু সাইয়্যাদই দাজ্জাল। তখন আমি বললাম, আপনি আল্লাহর শপথ করে বলছেন? জবাবে তিনি বললেন, আমি ’উমার (রাঃ) কে এ সম্পর্কে নবী (সা.) -এর সামনে কসম করে বলতে শুনেছি, অথচ নবী (সা.) তাতে কোন আপত্তি করেননি। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৭৩৫৫, মুসলিম ৯৪-(২৯২৯), আবূ দাউদ ৪৩৩১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَحْلِفُ بِاللَّهِ أَنَّ ابْنَ الصَّيَّادِ الدَّجَّالُ) জাবির ইবনু আবদুল্লাহ আল্লাহর নামে শপথ করে বলেন, নিশ্চয় ইবনু সাইয়্যাদই দাজ্জাল। তাকে বলা হলো, তুমি কসম করে বলছ যে, ইবনু সাইয়্যাদই দাজ্জাল

অথচ তার ব্যাপারটি সন্দেহভাজন। শুধুমাত্র ধারণা করে এ কথা বলা হয়। তখন তিনি উত্তর দিলেন, ‘উমার (রাঃ) স্বয়ং রাসূল (সা.) -এর উপস্থিতিতে কসম করে বলেছেন, নিশ্চয় সেই দাজ্জাল, কিন্তু নবী (সা.) তাকে বাধা দেননি। যদি সে দাজ্জাল নাই হত তাহলে রাসূল (সা.) অবশ্যই তা অপছন্দ করতেন বা বাধা দিতেন। যেহেতু তিনি চুপ ছিলেন তাই কসম করা বৈধ হয়েছে।

অথবা বলা যায়, ‘উমার (রাঃ) দাজ্জাল দ্বারা উদ্দেশ্য করেছেন ইবনু সাইয়্যাদ ঐ সমস্ত দাজ্জালের একজন যারা নুবুওয়্যাত দাবী করবে অথবা মানুষকে প্রতারণার মাধ্যমে পথভ্রষ্ট করবে। প্রকৃতপক্ষে সে আসল দাজ্জাল নয়। যেহেতু রাসূল (সা.) নিজেই তার ব্যাপারে নিশ্চিত ছিলেন না যা তার উক্তি থেকে প্রমাণিত হয়। তিনি তাকে বলেছিলেন, যদি সে দাজ্জাল হয় তাহলে তুমি তার হত্যাকারী নও, তাকে হত্যা করবে ‘ঈসা আলায়হিস সালাম। আর যদি সে না হয় তাহলে তাকে হত্যার মধ্যে কোন কল্যাণ নেই। এখানে ‘উমার (রাঃ) রাসূল -এর নিরবতার উপর প্রবল ধারণা করে কসম করেছেন এবং এটা তার জন্য বৈধ হয়েছে। [আল্লাহ সর্বাধিক ভালো জানেন।]

মিরকাত গ্রন্থকার বলেন, নবী (সা.) ‘উমার (রাঃ)-কে বাধা দেননি কারণ তিনি ঐ সমস্ত দাজ্জালদের একজন যাদের ব্যাপারে তিনি মানুষকে সতর্ক করেছিলেন এই বলে, (يَخْرُجُ فِي أُمَّتِي دَجَّالُونَ كَذَّابُونَ قَرِيبًا مِنْ ثَلَاثِينَ) “আমার এই উম্মতের মধ্যে ৩০ জনের মতো মিথ্যাবাদী দাজ্জালের আত্মপ্রকাশ ঘটবে। আর ইবনু সাইয়্যাদ ঐ সমস্ত দলের একজন থেকে বাদ নয়। কেননা সে নবী (সা.) -এর উপস্থিতিকেই নুবুওয়্যাত দাবী করেছিল, তাই ‘উমার (রাঃ)-এর কসম করা সত্য বহির্ভূত হয়নি অথবা তিনি এর দ্বারা উদ্দেশ্য করেছেন তার মধ্যে দাজ্জালের কিছু গুণাবলি রয়েছে। আল্লাহই এ ব্যাপারে ভালো জানেন।
(মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১৩দশ খণ্ড, হা. ৭৩৫৫; ‘আওনুল মাবুদ ৭ম খণ্ড, হা. ৪৩২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনুল মুনকাদির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন